



মাসিক দুদক বার্তা

www.acc.org.bd

মে ও জুন/২০১৮ সংখ্যা

৮ম বর্ষ • ২০তম সংখ্যা • মে ও জুন ২০১৮ খ্রিস্টাব্দ • জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ

সম্পাদকীয়

দুর্নীতি দমন কমিশন নিরাবিচ্ছিন্নভাবে দুর্নীতিবিরোধী কার্যক্রম পরিচালনা করছে। এ কার্যক্রমের লক্ষ্য, সমাজের সকল স্তরের মানুষের সম্পৃক্ততায় শুদ্ধ সমাজ গঠন করা। কমিশন এ লক্ষ্য বাস্তবায়নে দেশের প্রায় আট শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানে 'সততা স্টোর' চালু করেছে। এর মূল উদ্দেশ্য দেশের তরুণ প্রজন্মকে সততা চর্চায় উদ্বুদ্ধ করা। এটি বিক্রেতাবিহীন সামগ্রী বিক্রির চমৎকার এক ব্যবস্থা, যেখানে শিক্ষার্থীরা এ স্টোর থেকে তাদের প্রয়োজনীয় দ্রব্য-সামগ্রী ক্রয় করে মূল্য তালিকা দেখে সংরক্ষিত ক্যাশ বাক্সে মূল্য রেখে আসবে। জীবনের উষা লগ্নে তারা যদি এভাবে সততা চর্চার সুযোগ পায়, তবে নিঃসন্দেহে তারা ভবিষ্যতে সততার আলোকবর্তিকা হিসেবে শুদ্ধ সমাজ গঠন করবে, এটি তাদের কোমল হৃদয়ে গ্রথিত করবে সততাবোধ। একটি পরিশুদ্ধ নব প্রজন্মের হাতে বাংলাদেশ পরিচালিত হবে, এ প্রত্যাশায়-

মোহাম্মাদ মুনির চৌধুরী
মহাপরিচালক (প্রশাসন)
দুর্নীতি দমন কমিশন।
ইমেইল: mmunirc@gmail.com
মোবাইল : ০১৮১৭২১১৪৪৬

যোগাযোগ

নির্বাহী সম্পাদক
দুর্নীতি দমন কমিশন,
প্রধান কার্যালয়
১ সেগুন বাগিচা, ঢাকা।
ফোন: ৯৩৫৩০০৪-৮
ওয়েব সাইট : www.acc.org.bd


এক নজরে

- ❖ সভা, গণশুনানি
- ❖ ফাঁদ অভিযান
- ❖ হটলাইনভিত্তিক অভিযান
- ❖ গ্রেফতার অভিযান
- ❖ বিচার ও দণ্ড
- ❖ উল্লেখযোগ্য মামলা দায়ের
- ❖ সবুজ নথির প্রচলন।

সভা-অনুষ্ঠান-কর্মসূচী



জাপানের রষ্ট্রদূত Hiroyasu IZUMI এর নেতৃত্বে প্রতিনিধি দল দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয়ে দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।



অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় UNODC এর অধীনে জাতিসংঘ দুর্নীতিবিরোধী কনভেনশনে দুদকের মাননীয় চেয়ারম্যান।



গনশুনানিতে বক্তব্য রাখছেন দুদক কমিশনার ড. নাসিরউদ্দিন আহমেদ।



দুদক অভিযোগকেন্দ্র-১০৬ এ অভিযোগের ভিত্তিতে তাত্ক্ষণিক অভিযান।

দুর্নীতি দমন কমিশন
বাংলাদেশ

অসং উপার্জনের সুখ ক্ষণস্থায়ী

ফাঁদ অভিযান



শ্রেফতারকৃত আসামির নাম	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
শামসুল শাহরিয়ার ভূঁইয়া উপ-বিভাগীয় প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর, বরগুনা।	বিভিন্ন ঠিকাদারের নিকট থেকে গ্রহণকৃত ঘুষের ১৪ লক্ষ ৫০ হাজার টাকা উদ্ধার এবং তাকে শ্রেফতার করা হয়।

অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান



অভিযানের সংখ্যা	অভিযানভুক্ত দপ্তর/প্রতিষ্ঠান
১০ টি	বি. আর. টি. এ, তেজগাঁও সাব রেজিস্ট্রি অফিস, বি. আর. টি. সি ডিপো, ঢাকা, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ১০টি হজ এজেন্সি।

শ্রেফতার অভিযান



আসামির পরিচিতি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোঃ আনোয়ারুল কবির, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা বিআরডিবি অফিস, নড়াইল সদর, নড়াইল।	পারস্পরিক যোগসাজশে ২০১৫ সাল হতে ২০১৭ সালের মধ্যে বিভিন্ন সময়ে প্রতারণা ও জালিয়াতির মাধ্যমে সরকারের মোট ৪৭.৮৪ লক্ষ টাকা আত্মসাৎ।

বিচার ও দণ্ড



বিচার প্রক্রিয়ায় দণ্ডিত কতিপয় আসামিদের তালিকা নিরূপণ:

আসামিদের পরিচিতি	বিচারিক আদালতের রায়ের সংক্ষিপ্ত বিবরণ
বিশ্বনাথ বসাক, সাবেক ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, যমুনা সার কারখানা শাখা, তারাকান্দি, সরিষাবাড়ি, জামালপুর।	০৭ বছরের সশ্রম কারাদণ্ডসহ ৩৫.৮৫ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের সশ্রম কারাদণ্ড প্রদান।
মোঃ কেরামত আলী বিশ্বাস, সাবেক পি, আই, ও, পাংশা, রাজবাড়ী, বর্তমানে- দেবহাটা, সাতক্ষীরাসহ ০২ জন।	আসামিদের ০২ জন-কে ০৩ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ৪.০৬ লক্ষ টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের সশ্রম কারাদণ্ড প্রদান।
মিলন কুমার মন্ডল, সাবেক উপখাদ্য পরিদর্শক, ভারপ্রাপ্ত কর্মকর্তা, গাড়ফা বাজার খাদ্য গুদাম, বাগেরহাট।	আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডসহ ২.০৩ কোটি টাকা জরিমানা অনাদায়ে আরো ০২ মাসের বিনাশ্রম কারাদণ্ড।

গুরুত্বপূর্ণ মামলা দায়ের



আসামিদের নাম ও ঠিকানা	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
মোহাম্মদ মিজানুর রহমান শাহীন, স্বত্বাধিকারী, মিশম্যাক শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রিজ, এম. এম. আলী রোড, চট্টগ্রাম।	প্রতারণার আশ্রয় নিয়ে অগ্রণী ব্যাংক লিঃ, লালদিঘী পূর্বপাড় কর্পোরেট শাখা, চট্টগ্রাম হতে ৫২.৩৯ কোটি টাকা আত্মসাৎ।
সৈয়দ ফয়দুল আমীর লিটু, উপজেলা চেয়ারম্যান, উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল।	৮.৪২ লক্ষ টাকার সম্পদের তথ্য গোপন ও ২৭.৮২ লক্ষ টাকার জাত আয় বহির্ভূত সম্পদ অর্জন।
মোঃ সামসুল আলম, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স মোহাম্মদ ইলিয়াস ব্রাদার্স (প্রা:) লিমিটেড (সুপার অয়েল রিফাইনারী), ভোজ্য তৈল শোধনকারী প্রতিষ্ঠান, খাতুনগঞ্জ, চট্টগ্রাম ও অন্যান্য ১০ জন।	অগ্রণী ব্যাংক লিঃ এর ১৫৫.৪৪ কোটি টাকা ঋণ গ্রহণ করে ব্যাংক কর্মকর্তাদের সহায়তায় আত্মসাৎ।

সবুজ নথি চালু



দীর্ঘদিনের প্রচলিত খাকি বর্ণের নথির পরিবর্তে সবুজ বর্ণের পরিবেশবান্ধব নথি চালু করা হয়।

দুর্নীতিমুক্ত জীবন গড়ুন
সততা ও শুদ্ধতার চর্চা করুন।

দুর্নীতি দমন কমিশন
বাংলাদেশ

দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যেকোনো ফোন থেকে
দুদকের অভিযোগ কেন্দ্রের **হটলাইন-১০৬** নম্বরে ফ্রি কল করুন।